# H. S. EXAMINATION - 2019

## BENGALI – A

### বিভাগ–ক (নম্বর : ৫০)

১। **অনধিক ১৫০টি শব্দে যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাও:** **৫×১=৫**

১.১. "সেই সময় এল এক বুড়ি।"- লেখক বুড়ির সম্পর্কে যে বর্ণনা দিয়েছেন তা নিজের ভাষায় লেখো। (৫)

১.২. "ভুরিভোজনটা অন্যায়, কিন্তু না খেয়ে মরাটা উচিত নয় ভাই।"- বক্তা কে ? এই বক্তব্যের মধ্যে বক্তার চরিত্রের কোন্ দিক আভাসিত হয়েছে ? (১+৪=৫)

২। **অনধিক ১৫০টি শব্দে যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাও:** **৫×১=৫**

২.১. "মৃত্যুতে সকল দেনা শোধ করে দিতে"- বক্তা কে ? 'মৃত্যুতে সকল দেনা' বলতে কী বোঝোনো

হয়েছে ? সে 'দেনা' কীভাবে শোধ করতে চেয়েছিলেন কবি ? (১+১+৩=৫)

২.২. "আরোগ্যের জন্য ঐ সবুজের ভীষণ দরকার"- 'ঐ সবুজ' বলতে করি কী বুঝিয়েছেন ? সেই সবুজকে পাওয়ার জন্য কবি কী কী নির্দেশ দিয়েছেন ? (১+৪=৫)

৩। **অনধিক ১৫০টি শব্দে যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাও:** **৫×১=৫**

৩.১. "জীবন কোথায় ?"-কে, কাকে বলেছেন ? বক্তা জীবনকে কোথায় খুঁজে পাওয়া যাবে বলে মনে করেন ? (১+১+৩)

৩.২. "...প্রাক্তন অভিনেতা রজনী চাটুজ্জের প্রতিভার অপমৃত্যুর করুণ সংবাদ।"- কে বলেছেন ? এই অপমৃত্যু কীভাবে ঘটে বলে বক্তা মনে করেন ? (১+৪=৫)

৪। **অনধিক ১৫০টি শব্দে যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাও:** **৫×১=৫**

৪.১. "ভারত জয় করেছিল তরুণ আলেকজান্ডার। / একলাই না কি ?"- আলেকজান্ডার কে ছিলেন ? 'একলাই না কি' বলতে কবি কী বুঝিয়েছেন ? (১+৪=৫)

৪.২. "অবাক-বিহ্বল বসে আছি, মুখে কথা নেই।"- মুখে কথা নেই কেন ? (৫)

৫। **অনধিক ১৫০টি শব্দে যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাও:** **৫×১=৫**

৫.১. "নতুন ছাতি মাথায় দিয়ে মহাফূর্তিতে বাড়ির দিকে সে চলল"- কার কথা ? সে নতুন ছাতি কীভাবে পেল ? (১+৪)

৫.২. "অমনি মনের মধ্যে গুনগুনিয়ে উঠল মার কাছে শেখা গান !"- মার কাছে শেখা গানটি কী ? কোন্ প্রসঙ্গে এই উক্তি করেছেন লেখক ? (১+৪=৫)

৬। **অনধিক ১৫০টি শব্দে যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাও:** **৫×১=৫**

৬.১. ফলিত ভাষাবিজ্ঞানের বিভিন্ন শাখাগুলির উল্লেখ করে যে-কোনো একটি শাখার আলোচনা করো। (২+৩=৫)

৬.২. উদাহরণ-সহ যুক্তধ্বনির পরিচয় দাও। (৫)

৭। **অনধিক ১৫০টি শব্দে যে কোনো ২টি প্রশ্নের উত্তর দাও:** **৫×২=১০**

৭.১. বাংলা চিকিৎসাবিজ্ঞানে কাদম্বিনী (বসু) গঙ্গোপাধ্যায়ের ভূমিকা সম্পর্কে আলোচনা করো। (৫)


৭.২. বাংলা চলচ্চিত্রের ধারায় পরিচালক মৃণাল সেনের অবদান আলোচনা করো। (৫)

৭.৩. বাংলা গানের ধারায় সলিল চৌধুরীর বিশিষ্টতা সম্পর্কে আলোচনা করো। (৫)

৭.৪. আন্তর্জাতিক স্তরে সুনাম অর্জন করেছেন, এমন একজন বাঙালি ক্রীড়াবিদের কৃতিত্বের

৮। নিম্নলিখিত যে কোনো একটি বিষয়ে নির্বাচন করে নির্দেশ অনুসারে কম-বেশি ৪০০ শব্দের মধ্যে ১টি প্রবন্ধ রচনা করো: ১০×১=১০

৮.১. নিম্নে প্রদত্ত মানস-মানচিত্র অবলম্বনে একটি প্রবন্ধ রচনা করো:




৮.২. **প্রদত্ত অনুচ্ছেদটিকে প্রস্তাবনা বা ভূমিকা স্বরূপ গ্রহণ করে বিষয়ের গভীরে প্রবেশ করে পরিণতিদানের মাধ্যমে একটি পূর্ণাঙ্গ প্রবন্ধ রচনা করো:**

**ভারত এক মিলনমেলা**

পরকে আপন করিতে প্রতিভার প্রয়োজন। অন্যের মধ্যে প্রবেশ করিবার শক্তি এবং অন্যকে সম্পূর্ণ আপন করিয়া লইবার ইন্দ্রজাল, ইহাই প্রতিভার নিজস্ব। ভারতবর্ষের মধ্যে সে প্রতিভা আমরা দেখিতে পাই। ভারতবর্ষ অসংকোচে অন্যের মধ্যে প্রবেশ করিয়াছে এবং অনায়াসে অন্যের সামগ্রী নিজের করিয়া লইযাছে। ভারবর্ষ কিছুই ত্যাগ করে নাই।

৮.৩. **প্রতিপক্ষের যুক্তির অসারতা প্রমাণ করে স্বপক্ষে যুক্তিক্রম বিন্যাস করে প্রবন্ধ রচনা করো:**
**বিতর্কের বিষয়: সুপ্রভাব নয়, বর্তমান গণমাধ্যম কুপ্রভাবই বিস্তার করেছে।**

**মতের পক্ষে:** সংবাদপত্র, বেতার, দূরদর্শন, ইন্টারনেট ইত্যাদির কুরুচিপূর্ণ বিজ্ঞাপন, সংবাদ বা তথ্য পরিবেশনের প্রভাব মারাত্মক।

**মতের বিপক্ষে:** নানা কুরুচিপূর্ণ বিজ্ঞাপন ও সংবাদকে বাদ দিলে আজও গণমাধ্যম সুপ্রভাব বিস্তারকারী।

৮.৪. **প্রদত্ত সূত্র ও তথ্য অবলম্বনে একটি প্রবন্ধ রচনা করো:**

**সত্যজিৎ রায়**

**জন্ম :** ২ রা মে, ১৯২১। কলকাতা। **পিতা:** বিশিষ্ট শিশু সাহিত্যিক সুকুমার রায়। **মাতা:** সুপ্রভা রায়। **পারিবারিক ঐতিহ্য:** সন্দেশ পত্রিকার সম্পাদক উপেন্দ্রকিশোর রায়চৌধুরি তাঁর পিতামহ। **নিকট আত্মীয়** - লীলা মজুমদার। **শিক্ষা জীবন :** বালিগঞ্জ গভর্নমেন্ট স্কুল। প্রেসিডেন্সী কলেজ থেকে স্নাতক। বিশ্বভারতীর (শান্তিনিকেতন) কলাভবনে শিল্প বিষয়ে পাঠগ্রহণ। **কর্মজীবন :** প্রথম জীবনে বিজ্ঞাপন সংস্থায় যোগদান। পুস্তকের প্রচ্ছদ অঙ্কনে নব্য ধারার প্রবর্তন। **বাংলা চলচ্চিত্রে অবদান :** পথের পাঁচালী ছবির মাধ্যমে আত্মপ্রকাশ। বিশিষ্ট ছবি- 'অপরাজিত', 'চারুলতা', 'জলসাঘর'। ছোটোদের সিনেমা ও অন্যান্য বহু ছবি। **সাহিত্য কর্ম :** ফেলুদার কাহিনী, প্রোফেসার শঙ্কুর কাহিনি এবং অজস্র ছোটোগল্প, প্রবন্ধ। **পুরস্কার:** বিভিন্ন স্তরের জাতীয় পুরস্কার, দাদাসাহেব ফালকে, লিজিয়ন অফ অনার এবং বিভিন্ন আন্তর্জাতিক ও ভারতীয় চলচ্চিত্র পুরস্কার। **মৃত্যু:** ২৩ শে এপ্রিল, ১৯৯২।

## বিভাগ—খ (নম্বর : ৩০)

১। **সঠিক বিকল্পটি নির্বাচন করো:** ১×১৮=১৮

১.১ "কয়েক মিনিটে মৃত্যুঞ্জয়ের সুস্থ শরীরটা অসুস্থ হয়ে গেল।"- কারণ - (ক) অফিসে কাজের চাপ প্রবল (খ) প্রচণ্ড গরমের মধ্যে হেঁটে সে অফিসে এসেছিল (গ) প্রথমবার অনাহারে মৃত্যু দেখে সে প্রবল আঘাত পেয়েছিল (ঘ) বেশি খাবার খেয়ে ফেলায় তার বমি হচ্ছিল।

১.২ "বড়ো বউ ভাবতে চেষ্টা করে"- কী ভাবতে চেষ্টা করে ? - (ক) তখন আর মাছ আসবে না (খ) কত কাজ বাকি আছে (গ) তখনও চাঁদ সূর্য উঠবে কিনা (ঘ) তখনও সসাগরা পৃথিবী

১.৩ কী উচ্ছবকে বড়ো উতলা করে ? (ক) বাদার চালের গন্ধ (খ) যজ্ঞ শেষে ভাত পাবার আশা (গ) বউ ছেলেমেয়ের কথা (ঘ) ফুটন্ত ভাতের গন্ধ।

১.৪ ফজরের নামাজ বলতে বোঝোয় – (ক) বিকেলের নামাজ (খ) সন্ধ্যার নামাজ (গ) ভোরের নামাজ (ঘ) দুপুরের নামাজ।

১.৫ থুত্থুড়ে ভিখিরি বুড়ির গায়ে জড়ানো – (ক) চিটচিটে তুলোর কম্বল (খ) ছেঁড়া কাপড় (গ) নোংরা চাদর (ঘ) দামি শাল।

১.৬ 'উষ্ণ লাল' রংটি ছিল – (ক) ভোরের সূর্যের (খ) অস্তগামী সূর্যের (গ) হরিণের মাংসের (ঘ) দেশোয়ালিদের জ্বালানো আগুনের।

১.৭ ''নিহত ভাইয়ের শবদেহ দেখে/না-ই যদি হয়''- (ক) রোষ (খ) ক্ষোভ (গ) রাগ (ঘ) ক্রোধ।

১.৮ সবুজ সকাল কিসে ভেজা ? (ক) শিশিরে (খ) জলে (গ) মেঘে (ঘ) ভোরের আলোয়।

১.৯ ''রক্তের অক্ষরে দেখিলাম''- কী দেখলেন ? (ক) আপনার স্বপ্ন (খ) আপনার জগৎ (গ) আপনার বেদনা (ঘ) আপনার রূপ।

১.১০ ''স্টেশনমাস্টারের কাছে আবেদন জানানো হল'' – কীসের আবেদন জানানো হলো ? (ক) ট্রেনটাকে চালানোর (খ) ট্রেনটাকে থামানোর (গ) নতুন ট্রেনের ব্যবস্থা করার (ঘ) ট্রেনটাকে বাতিল করার।

**অথবা,** ''কে জিতেছিল ? একলা সে ?'' – 'একলা' বলতে কার কথা বলা হয়েছে ? (ক) সিজার (খ) স্পেনের ফিলিপ (গ) দ্বিতীয় ফ্রেডারিক (ঘ) আলেকজান্ডার।

১.১১ রুশ দেশীয় এক বিখ্যাত চিত্র পরিচালক হলেন – (ক) আইজেনস্টাইন (খ) আইজেকস্টাইন (গ) আইনস্টাইন (ঘ) রুশো।

**অথবা,** ''শাহজাদি ! সম্রাটনন্দিনী ! মৃত্যু ভয় দেখাও কাহারে'' – কোন্ নাটকের অংশ ? (ক) সাজাহান (খ) মেবার পতন (গ) রিজিয়া (ঘ) চন্দ্রগুপ্ত।

১.১২ ''দুজনে হাত ধরাধরি করে ডানদিকে পিছনের উইং দিয়ে পালিয়ে যান'' – দুজন কে কে ? (ক) শম্ভু ও বৌদি (খ) অমর ও বৌদি (গ) শম্ভু ও অমর (ঘ) শম্ভু ও যুবক।

**অথবা,** ''উঃ কী শীত- সব আছে শুধু.....'' – কী নেই ? (ক) মানুষ নেই (খ) আলো নেই (গ) লোকজন নেই (ঘ) শীতের পোষাক নেই।

১.১৩ সুনয়নী দেবী অঙ্কিত একটি বিখ্যাত চিত্র – (ক) মা যশোদা (খ) মধ্যযুগের সন্তগণ (গ) হলকর্ষণ (ঘ) ভারতমাতা।

১.১৪ জারি গানে 'জারি' শব্দের অর্থ – (ক) আনন্দ (খ) সমবেত (গ) বীরত্ব (ঘ) ক্রন্দন।

১.১৫ বাংলায় বিজ্ঞান রচনায় পথিকৃৎ পত্রিকা হল – (ক) সমাচার দর্পণ (খ) তত্ত্ববোধিনী পত্রিকা (গ) দিগ্‌দর্শন (ঘ) প্রাকৃতিক বিজ্ঞান।

১.১৬ ''ধোঁয়া আর কুয়াশা মিলে হয় ধোঁয়াশা''- এটি হলো – (ক) মিশ্র রূপমূল (খ) জটিল রূপমূল (গ) জোড়াকলম রূপমূল (ঘ) সমন্বয়ী রূপমূল।

১.১৭ 'চুপ-চাপ' শব্দটি নিম্নলিখিত কোন্ শ্রেণির মধ্যে পড়ে ? (ক) ব্যাখ্যামূলক সমাস (খ) অনুকার পদগঠন (গ) বর্ণনামূলক সমাস (ঘ) পদদ্বৈত।

১.১৮ রামব্রীজকে রজনীবাবু কত টাকা বক্‌শিশ দিয়েছিলেন ? (ক) এক টাকা (খ) তিন টাকা (গ) চার টাকা (ঘ) দুই টাকা।

**অথবা,** ''পৃথিবীতে সবচেয়ে পপুলার জিনিস হচ্ছে ____'' – (ক) নাটক (খ) গান (গ) প্রেম (ঘ) বন্ধুত্ব।

। **নীচের প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও: (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়)** **১×১২=১২**

২.১. ''চন্নুরী রে ! তুইও খা,''- কোন্ গল্পের অংশ ? 'চন্নুরী'র পরিচয় দাও। ২.২. ফাঁপি কাকে বলে ? ২.৩. 'একটি তারা এখন আকাশে রয়েছে'- তারাটিকে কবি কীসের সঙ্গে তুলনা করেছেন ? ২.৪. ''ঘুমহীন তাদের চোখে হানা দেয়''- কাদের চোখে কী হানা দেয় ? ২.৫. 'এখন যদি না থাকি'- বলতে কার পাশে কখন না থাকার কথা বলা হয়েছে ? ২.৬. 'চিনিলাম আপনারে'- কবি কীভাবে ... 'জয় তোরণে ঠাসা......' কোন শহর ? **অথবা,** 'আমি কৌতূহলী হয়ে

উঠি'- কী বিষয়ে বক্তা কৌতুহলী হয়ে ওঠেন ? ২.৮."তাতে বয়েসটা ঠিক বোঝো যায় না"- কার বয়েস কেন বোঝো যায় না ? **অথবা**, 'বিভাব' নাটকে অমর গাঙ্গুলি কোন্ নাট্যদলের সঙ্গে যুক্ত ছিলেন ? ২.৯.'বিভাব' নাটকে উল্লিখিত 'কাবুকি' নাটকের বৈশিষ্ট্য সংক্ষেপে লেখো। **অথবা**, ''রজনীবাবু ভয়ে চিৎকার করে পিছিয়ে যান।''- কাকে, কী অবস্থায় দেখে রজনীবাবু ভয় পেয়েছিলেন ? ২.১০. উপসর্গ কাকে বলে ? ২.১১.' Dictionary' শব্দটি কবে কোথায় পাওয়া যায় ? ২.১২ সংক্ষেপিত পদ বা ক্লিপিংস কী ?